



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নম্বর- ৪৬.২০৩.৯৩৪৭.৬৩.০৬.০০১.১৫ (৩০৭)

তারিখঃ ০৪/১০/২০২১ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১ নভেম্বর ২০২১ তারিখ রোজ সোমবার সকাল ১০.৩০ ঘটিকার সময় কালিহাতি উপজেলা পরিষদের 'জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ' সম্পর্কিত কমিটির সভা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: আখতারুজ্জামান এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ।
- ২। পানি বিশুদ্ধ করণ সম্পর্কিত আলোচনা।
- ৩। বিবিধ।

প্রাপক

.....  
.....

কালিহাতি, টাঙ্গাইল।

(মো: গাজিউর রহমান)  
উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস কপি।

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।  
সভার তারিখ : ১১/১০/২০২১ ইং  
সময় : সকাল ১০.৩০ টা  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি এর অফিস কক্ষ।  
উপস্থিত সদস্যবৃন্দ : পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অধ্যকার সভার কার্যক্রম শুরু করেন।


১। জনাব মো: ছোহরাব আলী, চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলার কয়েকটি উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কোন ওয়াশরুম নেই। বিশেষ করে লাঙ্গলজোড়া উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কোন ওয়াশরুম নেই। এতে করে শিক্ষার্থীদের পয়ঃনিষ্কাশন জনিত মারাত্মক সমস্যা হচ্ছে। তাই জরুরি ভিত্তিতে উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ওয়াশরুম নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

২। সভাপতি, জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলার আওতায় যেসব বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কোন ওয়াশরুম নেই সেসব বিদ্যালয়ে পর্যায়ক্রমে ওয়াশরুম নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতিতে তাগিদ প্রদান করেন।

সিদ্ধান্তসমূহ :

- ১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অর্থায়নে কোকডহরা ইউনিয়নের লাঙ্গলজোড়া উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা দুটি ওয়াশরুম নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ।
- ২। যেসব বিদ্যালয়ে ওয়াশরুম নেই পর্যায়ক্রমে সেসব বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত।

অধ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১১/১০/২০২১  
(মো: আখতারুজ্জামান)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪৬.২০৩.৯৩৪৭.০৬৩.০৬.০০১.১৫/ (৬০৭)

তারিখঃ ১২/১০/২০২১ ইং




অনুলিপি:

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান, . . . . . ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৫। অফিস নথি।

উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ও  
সদস্য সচিব  
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি  
কালিহাতি, টাঙ্গাইল।

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি'র সভায় হাজিরা :

তারিখ :- ১১-১০-২০২১খ্রি:

ক্রঃ নং	পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি	সভাপতি	
০২	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি	সদস্য	
০৩	চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি	সদস্য	
০৪	চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি	সদস্য	
০৫	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতি, টাঙ্গাইল।	সদস্য সচিব	